নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/ ১৯ জুলাই ২০২৫

সংবাদ বিজ্ঞপ্তি

## একাডেমিক সভায় অংশগ্রহণ:

# নেদারল্যান্ডস সফরে নোবিপ্রবি উপাচার্য

ইউরোপীয় ইউনিয়নের অর্থায়িত Erasmus+ KA171 Higher Education Staff Teaching Mobility Programme এর আওতায় একাডেমিক সভায় অংশ নিতে নেদারল্যান্ডস সফরে গেলেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। আজ শনিবার (১৯ জুলাই ২০২৫) ভোরে নেদারল্যান্ডসের উদ্দেশ্যে তিনি ঢাকা ত্যাগ করেন।

ওইদেশে অবস্থানকালীন সময়ে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল নেদারল্যান্ডসের স্বনামধন্য উত্রেখ্ট এবং ভাগেনিনগেন বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট ও বিভাগীয় প্রধানদের সঙ্গে পৃথক একাডেমিক সভায় যোগ দেবেন।

এছাড়াও তিনি ওইদেশের পানি ও পরিবেশ বিজ্ঞানের জন্য বিখ্যাত আইএইচই ডেলফ্ট ও ডেল্টারেস ইনস্টিটিউটের গবেষকদের সঙ্গে আয়োজিত যৌথ সভা ও প্রশিক্ষণ কর্মশালায় অংশ নেবেন। অধিকন্তু, তিনি নেদারল্যান্ডসের বাংলাদেশ দূতাবাসের রাষ্ট্রদূত ও সংশ্লিষ্ট হাই অফিসিয়ালদের সঙ্গে সৌজন্য সাক্ষাতে মিলিত হবেন। উক্ত সফরে নোবিপ্রবি উপাচার্যের সঙ্গে গরুত্বপূর্ণ বিভিন্ন সভায় অংশ নেবেন নোয়াখালী বিজ্ঞন ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ মহিনুজ্জামান।

প্রসঙ্গত, এই সফরের মধ্য দিয়ে নোবিপ্রবি এবং নেদারল্যান্ডসের উল্লেখিত বিশ্ববিদ্যালয় ও ইনস্টিটিউটসমূহের মাঝে পারস্পরিক সম্পর্ক গড়ে উঠবে। যা নোবিপ্রবির শিক্ষা ও প্রশিক্ষণের উন্নয়ন এবং যৌথ গবেষণা ও শিক্ষক-শিক্ষার্থী বিনিময়ের ক্ষেত্রে অত্যন্ত সহায়ক হবে।

২৬ জুলাই উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল দেশে ফিরে আসবেন।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪